দৈনিক খবর
তারিখ ... 12 NOV 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

৫২

৩০

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষ : গুলী বোমা

ময়মনসিংহ, ১১ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।– আজ কৃষি বিশ্ববিদ্যালয় টিএসসি কেন্টিনে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে পূর্ব সংঘর্ষের জের হিসেবে দুপুরে ব্যাপক গোলাগুলী ও সংঘর্ষ হয়। প্রায় ৩০/৪০টি ককটেল বোমা ও কমপক্ষে ১০ রাউন্ড গুলী বিকট আওয়াজে বিস্ফোরিত হলে

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## কৃষি বিশ্ববিদ্যালয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

ক্যাম্পাস প্রকম্পিত হয়ে ওঠে।

ঘটনার বিবরণে জানা যায়, দুপুর সোয়া একটার দিকে টিএসসিতে উভয় ছাত্র সংগঠনের নেতা–কর্মীরা যখন দলীয় আলোচনায় ব্যস্ত তখন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক উপদেষ্টা, প্রক্টর ও অন্যান্য শিক্ষক পূর্বে সংঘটিত অপ্রীতিকর সংঘর্ষের জের মেটানোর জন্য আজ বেলা তিনটায় ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের এক বৈঠকে বসার ব্যাপারে আহবান করেছিলেন। তখন এক পর্যায়ে ছাত্রলীগের কয়েকজন কর্মী উত্তেজিত হয়ে পড়ে এবং এ সময় পাশে বসা ছাত্রদল কর্মীরও উত্তেজিত হয়ে ওঠে। এ সময় টিএসসির ভেতরে ও বাইরে ধাওয়া এবং পাল্টা ধাওয়া এবং উভয় পক্ষ ব্যাপক ককটেল ও গুলী চার্জ করে। বেলা আড়াইটার সময় পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনাস্থল থেকে আশরাফুল হক হলের ভিপি শাহজাহানকে আহত অবস্থায় উদ্ধার করা হয়। পরে তাকে ময়মনসিংহ মেডিকেলে ভর্তি করা হয়।

আশরাফুল হক হল, শামসুল হক হল, টিএসসি এলাকা এবং ভিসির বাস ভবনের সামনে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে। ক্যাম্পাসের অবস্থা থমথমে। এ রিপোর্ট লেখা পর্যন্ত সিন্ডিকেটের বৈঠক চলছিল।